অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/4/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্থানীয় পানি অবকাঠামো উন্নয়নে প্রায় 300 মিলিয়ন মার্কিন ডলার স্টেট অনুদান ঘোষণা করলেন

175 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হবে পরিবেশগতভাবে ন্যায়বিচার সম্প্রদায়সমূহকে

তহবিল প্রদান করা হচ্ছে পুরো নিউ ইয়র্ক স্টেটের 10টি অর্থনৈতিক বিকাশ অঞ্চলের প্রত্যেককে

এই বছর EFC স্টেট পানি অনুদান হিসেবে 900 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করেছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে পানি অবকাঠামো উন্নয়ন অনুদান (Water Infrastructure Improvement, WIIA), আন্ত:মিউনিসিপ্যাল অনুদান (Intermunicipal Grants, IMG), সবুজ উদ্যোগ অনুদান (Green Innovation Grant Program, GIGP) এবং প্রকৌশল পরিকল্পনা অনুদান (Engineering Planning Grants, EPG) কর্মসূচির মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটজুড়ে অতি গুরুত্বপূর্ণ পানি অবকাঠামো প্রকল্পের অর্থায়নের জন্য সম্প্রদায়সমূহকে 300 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। নিউ ইয়র্ক স্টেটের এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশন (New York State Environmental Facilities Corporation, EFC) প্রদত্ত অনুদানগুলি মিউনিসিপ্যালিটিগুলিকে প্রজন্মে একবার হয় এমন অতি গুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণ করার আর্থিক সংস্থান প্রদান মাধ্যমে স্টেটের বয়িষ্ণু পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থার আধুনিকায়ন করতে স্টেটের দেশের শীর্ষস্থানীয় প্রতিশ্রুতির অংশ। অনুদানগুলি মোট 1 বিলিয়ন মার্কিন ডলারের পানি অবকাঠামো প্রকল্প সমর্থন করবে যা বিষাক্ত রাসায়নিকের ঝুঁকি থেকে খাওয়ার পানি নিরাপদ করবে, সম্প্রদায়গুলির বন্যা স্থিতিস্থাপকতা বৃদ্ধি করবে, পানি ব্যবস্থাকে অঞ্চলভিত্তিক করবে, স্থানীয় অর্থনীতিকে সমর্থন করবে, এবং যা জনস্বাস্থ্য ও পরিবেশ রক্ষার জন্য অতি গুরুত্বপূর্ণ। অনুদানগুলি স্থানীয় করদাতাদের আনুমানিক 1 বিলিয়ন মার্কিন ডলার সাশ্রয় করবে বলে ধারণা করা হচ্ছে।

"অনুদান সম্প্রদায়সমূহকে নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য ও সুস্থতার জন্য, উপকূলরেখার সম্প্রদায়সমূহের স্থিতিস্থাপকতা, এবং শিল্পখাত ও ব্যবসা ও বাড়ির মালিকদের অর্থনৈতিক বিকাশের জন্য অত্যাবশ্যকীয় পরিবেশগত অবকাঠামো প্রকল্প গ্রহণের সাহায্য করার জন্য অতি

গুরুত্বপূর্ণ," **গভর্নর হোকল বলেন।** "আমরা মিউনিসিপ্যালিটিগুলিকে পানি অবকাঠামো উন্নয়নের জন্য ঐতিহাসিক পর্যায়ের তহবিল প্রদান করে সমর্থন করতে পেরে গর্বিত, এবং আমরা আমাদের অবকাঠামোর আধুনিকায়ন এবং আগামী অনেক প্রজন্মের জন্য নিরাপদ, নির্ভরযোগ্য পানি ব্যবস্থা প্রদানে আমাদের প্রচেষ্টা অব্যাহত রাখবো।"

আজকের ঘোষণাটি এই ক্যালেন্ডার বছরের দ্বিতীয় পানি অবকাঠামো উন্নয়ন অনুদানের ঘোষণা হিসেবে চিহ্নিত হলো, যার ফলে 2022 সালের EFC-র মোট স্টেট পানি অবকাঠামো অনুদান প্রায় 900 মিলিয়ন মার্কিন ডলার হলো। গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, মোট 600 মিলিয়ন মার্কিন ডলারের WIIA এবং IMG অনুদান ঘোষণা করা হয়েছিলো এপ্রিল মাসে।

অর্থপ্রাপ্তদের তালিকা কর্মসূচি অনুযায়ী উপলভ্য আছে:

- পানি অবকাঠামো উন্নয়ন এবং আন্ত:মিউনিসিপ্যাল অনুদান: 73টি প্রকল্পকে 279.3 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে
- সবুজ উদ্ভাবন অনুদান কর্মসূচি (GIGP): 8টি প্রকল্পকে 15.8 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে
- প্রকৌশল পরিকল্পনা অনুদান (EPG): 70টি প্রকল্পকে 3 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে

এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মরিন এ. কোলম্যান বলেন, "EFC-র অনুদানগুলি পরিবেশে নিউ ইয়র্ক স্টেটের বলিষ্ঠ, দেশের শীর্ষ বিনিয়োগের একটি নিদর্শনস্বরূপ, যা মিউনিসিপ্যালিটিগুলিকে পানি অবকাঠামো উন্নয়ন প্রকল্পে সাশ্রয়ীভাবে বিনিয়োগ করতে সাহায্য করবে। এই অনুদানগুলি শুধু পুরো নিউ ইয়র্কস্টেটের 81টি পানির মান প্রকল্পের কাজ শুরু করে দিতে সাহায্য করবে না, বরং প্রকৌশল পরিকল্পনার অনুদানগুলি 70টি আর্থিকভাবে নিরেট ও ভালো নকশার প্রকল্পকে শুরুর জন্য প্রস্তুত করতেও সাহায্য করবে।EFC মোট অনুদান তহবিলের অর্ধেকের বেশি সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে প্রদান করতে পেরে খুশি এবং এটি গভর্নর হোকলের পরিবেশগত ন্যায়বিচারকে আরো অগ্রসর করবে।"

পরিবেশগত সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) কমিশনার এবং এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশন বোর্ডের প্রধান ব্যাসিল সেগোস বলেন, "বয়িষ্ণু পানি অবকাঠামো মেরামত ও উন্নয়ন শুধু পানির মান রক্ষা করে না, বরং এটি প্রাণীর আবাসস্থল উন্নত করে এবং সম্প্রদায়গুলির চরম ঝড় ও বন্যার সাথে অভিযোজনের মাধ্যমে জলবায়ু প্রভাব সমাধান করার ক্ষমতা জোরদার করে। এই বছরের বাজেটে গভর্নর হোকলের করা বিনিয়োগ এবং আজকের ঘোষিত উল্লেখযোগ্য অনুদান তহবিল নিশ্চিত করছে যাতে এই অতি গুরুত্বপূর্ণ উন্নয়ন কাজগুলি বাস্তবায়িত হয় এবং আগামী প্রজন্মগুলির জন্য জনস্বাস্থ্য ও আমাদের পরিবেশকে উপকৃত করে।"

স্বাস্থ্য বিভাগের (Department of Health, DOH) কমিশনার ডা: ম্যারি টি. ব্যাসেট বলেন, "পরিষ্কার, নিরাপদ খাওয়ার পানি পাওয়ার সুযোগ স্বাস্থ্যবান সম্প্রদায়সমূহের একটি

অত্যাবশ্যকীয় উপাদান। পানি অবকাঠামোতে এই বিনিয়োগের মাধ্যমে, গভর্নর হোকল আরেকবার আমাদের খাওয়ার পানি সরবরাহ ব্যবস্থা সুরক্ষিত করা এবং উন্নত করার প্রতি এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য একটি স্বাস্থ্যকর এবং পরিচ্ছন্ন পরিবেশ প্রচার করার প্রতি তার দৃঢ় প্রতিশ্রুতি প্রদর্শন করছেন।"

স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, নিউ ইয়র্ক অতি গুরুত্বপূর্ণ অবকাঠামোতে বিনিয়োগ অব্যাহত রেখেছে সকল নিউ ইয়র্কবাসীকে নিরাপদ ও পরিষ্কার খাওয়ার পানি প্রদান করার জন্য। এই 300 মিলিয়ন মার্কিন ডলারের ঐতিহাসিক বিনিয়োগটি পুরো নিউ ইয়র্ক স্টেটের মিউনিসিপ্যালিটিগুলির জন্য অতি গুরুত্বপূর্ণ যাতে তারা তাদের পানি অবকাঠামো নেটওয়ার্ককে আধুনিক করতে পারে এবং এমন স্থিতিস্থাপকতা প্রকল্প বাস্তবায়ন করতে পারে যা চরম আবহাওয়া ইভেন্ট সহ্য করার ক্ষমতা বৃদ্ধি করতে সাহায্য করে এবং নিউ ইয়র্কবাসীদের সুস্থতার জন্য এই অত্যাবশ্যকীয় ও পরিষ্কার সংস্থান প্রদান করতে থাকে।"

পানি অবকাঠামো উন্নয়ন এবং আন্ত:মিউনিসিপ্যাল অনুদান

স্টেটের এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশন 279.3 মিলিয়ন মার্কিন ডলার WIIA ও IMG অনুদান প্রদান করেছে এবং মোট প্রায় 1 বিলিয়ন মার্কিন ডলারের প্রকল্প ব্যয় সমর্থন করবে।

WIIA/IMG অর্থপ্রাপ্তদের দেখুন অঞ্চল অনুযায়ী। ইন্টারেক্টিভ মানচিত্র দেখুন

WIIA/IMG অর্থদানের প্রধান অংশ

এই রাউন্ডের WIIA/IMG তহবিলের অর্ধেকের বেশি প্রদান করা হয়েছে পরিবেশগত ন্যায়বিচার সম্প্রদায়সমূহকে।
EFC সেই সম্প্রদায়সমূহকে পানির মান তহবিল প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ যাদের প্রয়োজন সর্বোচ্চ। মোট 158 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অনুদান পরিবেশগত ন্যায়বিচার সম্প্রদায়সমূহের 22টি পরিষ্কার পানি প্রকল্পকে এবং 14টি খাওয়ার পানি প্রকল্পকে প্রদান করা হয়েছে।

খাওয়ার পানির ব্যবস্থা উন্নত করতে 115.5 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করা হয়েছে।
নিউ ইয়র্ক স্টেটের মিউনিসিপ্যালিটিগুলি এমন প্রকল্পের জন্য অনুদান পাবে যেখানে নতুন ওয়াটার মেইনের নির্মাণ, পানির টাওয়ারের হালনাগাদকরণ, উদীয়মান দূষক পরিশোধনে ব্যবস্থা ও প্রক্রিয়ার সম্প্রসারণ থাকবে।

অনুদানপ্রাপ্ত খাবার পানি প্রকল্পের উদাহরণসমূহের মধ্যে রয়েছে:

- **ফ্র্যাঙ্কলিন কাউন্টির টাপার লেক গ্রাম (নর্থ কান্ট্রি)** পরিশোধন প্রক্রিয়াসহ পানির সরবরাহ উন্নয়নের জন্য 4.8 মিলিয়ন মার্কিন ডলার পাবে।

- **স্কুইলার কাউন্টির ওয়াটকিন্স গ্লেন গ্রাম (সাউদার্ন টিয়ার)** পানির ব্যবস্থা উন্নয়নের জন্য 2 মিলিয়ন মার্কিন ডলার পাবে যাতে করে কর্মকাণ্ড উন্নত করা যায়, যার মধ্যে থাকবে অপরিশোধিত পানি সংগ্রহের ব্যবস্থা, পানি পরিশোধনাগারের ফিলট্রেশন ও নিয়ন্ত্রণ, চূড়ান্ত পানি সংরক্ষণাগারের হালনাগাদকরণ, এবং বয়িষ্ণু পানির মেইন প্রতিস্থাপন।

অতিরিক্ত 31.9 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হবে এমন প্রকল্পসমূহে যেখানে উদীয়মান দূষক সমাধানে উন্নত পরিশোধন ব্যবস্থা অন্তর্ভুক্ত করা হবে।
অতিরিক্ত এই অনুদান তহবিল এমন খাওয়ার পানির প্রকল্পসমূহকে প্রণোদনা দান করে যারা স্টেটের নির্ধারিত সর্বোচ্চ দূষক মাত্রার Maximum Contaminant Level, MCL) উপরে উদীয়মান দূষককে পরিশোধিত করে। উদীয়মান দূষক হলো রাসায়নিক পদার্থ, যেমন পারফ্লুরোঅ্যালকাইল পদার্থসমূহ (perfluoroalkyl substances, PFAS)। এই রাসায়নিক পদার্থগুলি পানিরোধক ব্যবস্থা গঠনে, পেশাদার দমকলবাহিনীর ব্যবহৃত বিশেষ কিছু অগ্নিনির্বাপক ফোমে, ননস্টিক রান্নার পাত্র এবং অন্যান্য কাজে ব্যবহার করা হয়। PFAS ধীরে ধীরে পরিবেশে মিলিত হয় এবং বিশেষ ক্ষেত্রে খাওয়ার পানির সরবরাহকে দূষিত করেছে যার ফলে সংস্পর্শে আসা এবং স্বাস্থ্য ঝুঁকির উদ্বেগের সৃষ্টি হয়েছে। DOH বর্তমানে নতুনভাবে প্রস্তাবিত নিয়মকানুনের উপর জনমত গ্রহণ করছে যা 23টি উদীয়মান দূষকের ব্যাপারে খাওয়ার পানির মানদণ্ড নির্ধারণ করবে।

লং আইল্যান্ডে ছয়টি প্রকল্পকে অনুদান দেওয়া হয়েছে MCL-র উপরে উদীয়মান দূষক পরিশোধনকারী পরিশোধন ব্যবস্থা নির্মাণের জন্য। লং আইল্যান্ড প্রায় সম্পূর্ণভাবে একটি একক-উৎসের অ্যাকুইফায়ারের উপর নির্ভরশীল এবং পানি সরবরাহকারীদের এই মূল্যবান ও অনন্য ভূপৃষ্ঠের পানির উৎস সংরক্ষণে সাহায্য করার নাসাউ ও সাফোক কাউন্টির মিলিয়ন মিলিয়ন বাসিন্দার খাওয়ার জন্য পরিষ্কার পানি নিশ্চিত করার জন্য অত্যাবশ্যকীয়। মিড হাডসনের দুইটি প্রকল্পও এই অনুদান পেয়েছে।

এমন প্রকল্পের উদাহরণ হলো:

- **নাসাউ কাউন্টির হেম্পস্টিড টাউন (লং আইল্যান্ড)** 8.1 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে বোলিং গ্রিন ওয়েলস (Bowling Green Wells) 1 এবং 2-এ উন্নত PFAS পরিশোধনের জন্য যা সম্প্রতি সেবা থেকে অপসারিত হয়েছে। এই প্রকল্পটিতে রয়েছে PFAS এবং নিম্ন মাত্রার পারক্লোরেট অপসারণের জন্য একটি আয়ন বিনিময় পরিশোধন ব্যবস্থার নির্মাণ, যার ফলে কুয়াগুলি পুনরায় সেবাদান করতে পারবে এবং পানি জেলাটি এর পানির চাহিদা পূরণ করতে পারবে।
- **রকল্যান্ড কাউন্টির ন্যাক গ্রাম (মিড হাডসন)** 2.7 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে পানি প্ল্যান্টে PFAS/পারফ্লুরোঅক্টানয়িক এসিড (Perfluorooctanoic Acid, PFOA) পরিশোধনের জন্য, যার মধ্যে একটি দানাদার সক্রিয় কার্বন পরিশোধন ব্যবস্থার নির্মাণ থাকবে।

92.5 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করা হয়েছে এমন বর্জ্যপানি উন্নয়ন প্রকল্পের জন্য যা পানির মান উন্নত করবে এবং জনস্বাস্থ্য ও পরিবেশের সম্ভাব্য ঝুঁকি হ্রাস করবে।

এমন প্রকল্পের উদাহরণ হলো:

- **ইরি কাউন্টির বাফেলো পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষের (Buffalo Sewer Authority)** (ওয়েস্টার্ন নিউ ইয়র্ক) 18.6 মিলিয়ন মার্কিন ডলার, বার্ড আইল্যান্ড বর্জ্যপানি পরিশোধনাগারের (Bird Island Wastewater Treatment Facility) প্রাথমিক পরিশোধন ব্যবস্থার হালনাগাদ করার জন্য, যা নায়াগ্রা নদীর পানির মান উন্নত করতে এর দীর্ঘমেয়াদীয় নিয়ন্ত্রণ পরিকল্পনার পরবর্তী প্রকল্প।
- **স্কোহারি কাউন্টির রিচমন্ডভিল টাউনকে (মোহক ভ্যালি)** 2.7 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে ভঙ্গুর সেপটিক ব্যবস্থা এবং ভূপৃষ্ঠের পানির নমুনায় দূষক নথিভুক্ত করা হয়েছে এমন এলাকায় পয়ঃনিষ্কাশন ব্যবস্থা স্থাপন করার জন্য।
- **অর্লিন্স কাউন্টির কেন্ডেল টাউন (ফিঙ্গার লেকস)** 1.7 মিলিয়ন মার্কিন ডলার পাবে একটি সরকারি পয়ঃনিষ্কাশন ব্যবস্থা নির্মাণের জন্য যা লেক অন্টারিও সংলগ্ন সেপটিক ব্যবস্থাকে প্রতিস্থাপিত করবে এবং বর্জ্যপানি পরিশোধনের জন্য মনরো কাউন্টির একটি বিদ্যমান ফ্যাসিলিটিতে পাঠাবে।

আন্ত:মিউনিসিপ্যাল অনুদান প্রদান করা হবে পানির মান উন্নয়নে একত্রে কাজ করা সম্প্রদায়গুলির জন্য দুইটি প্রকল্পকে:

- **ওয়েন কাউন্টি পানি ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (Wayne County Water and Sewer Authority)** (ফিঙ্গার লেকস) 30 মিলিয়ন মার্কিন ডলার পাবে পশ্চিম আঞ্চলিক বর্জ্যপানি পরিশোধনাগার প্রকল্পের জন্য। একটি অঞ্চলভিত্তিক প্ল্যান্ট প্যালমিরা গ্রাম এবং প্যালমিরা, ম্যাসেডন, ম্যারিয়ন এবং ওয়ালওয়র্থ টাউনকে সেবাদান করবে এবং তিনটি বিদ্যমান প্ল্যান্টকে অপসারণ করবে।

- **হারকাইমার শিল্পজাত বিকাশ এজেন্সি (Herkimer Industrial Development Agency)** (মোহক ভ্যালি) 9.3 মিলিয়ন মার্কিন ডলার পাবে পূর্ব মোহক ভ্যালি আঞ্চলিক পানি ট্রান্সমিশন মেইন (Eastern Mohawk Valley Regional Water Transmission Main) নির্মাণের জন্য। একটি আঞ্চলিক ট্রান্সমিশন মেইন মোহক ভ্যালি পানি কর্তৃপক্ষ (Mohawk Valley Water Authority) থেকে উচ্চমানের, নির্ভরযোগ্য খাওয়ার পানি সরবরাহ করবে হারকাইমার, ইলিয়ন, ফ্রাঙ্কফোর্ট গ্রামগুলিতে এবং হারকাইমার ও স্কুইলার টাউনে। সকল অংশগ্রহণকারী সম্প্রদায়ের একটি নতুন প্রাথমিক বা বিকল্প খাওয়ার পানির উৎস প্রয়োজন হবে, যা এই প্রকল্পটি প্রদান করবে।

সবুজ উদ্ভাবন এবং প্রকৌশল পরিকল্পনা অনুদান কর্মসূচি

EFC সবুজ উদ্ভাবন এবং প্রকৌশল পরিকল্পনা অনুদান কর্মসূচির মাধ্যমে প্রকল্পসমূহকে 18.8 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করবে। এই তহবিল গভর্নরের আঞ্চলিক অর্থনৈতিক

বিকাশ পরিষদ (Regional Economic Development Council, REDC) উদ্যোগের রাউন্ড XII-র অংশ।

GIGP অর্থ প্রদান দেখুন | EPG অর্থ প্রদান দেখুন

GIGP/EPG অর্থদানের প্রধান অংশ

এই রাউন্ডের 15.8 মিলিয়ন মার্কিন ডলারের GIGP তহবিলের সম্পূর্ণ অংশ প্রদান করা হয়েছে পরিবেশগত ন্যায়বিচার সম্প্রদায়সমূহে সবুজ ঝড়ের পানি অবকাঠামো প্রকল্পসমূহের জন্য।

GIGP স্টেটব্যাপী এমন প্রকল্পকে সমর্থন করে যা সবুজ ঝড়ের পানি অবকাঠামো নকশা এবং সবুজ প্রযুক্তি ব্যবহার করে। প্রতিযোগিতামূলক অনুদান প্রদান করা হয়েছে এমন প্রকল্পসমূহকে যারা সবুজ অনুশীলন বাস্তবায়নের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রশমিত করে, যার মধ্যে রয়েছে সবুজ ঝড়ের পানি অবকাঠামো এবং একইসাথে শক্তি ও পানির কার্যকারিতা।

অর্থপ্রাপ্ত প্রকল্পের উদাহরণে রয়েছে:

- **অ্যালবানি কাউন্টির অ্যালবানি পানি বোর্ডকে (Albany Water Board) (ক্যাপিটাল জেলা)** 2.7 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে, শহরের সর্বাধিক সুবিধাবঞ্চিত অংশগুলির একটিতে ছিদ্রযুক্ত ফুটপাথ, বায়োরিটেনশন এবং ঝড়ের পানির গাছসহ একটি বাস্কেটবল কোর্ট পুনর্বাসন করার জন্য। প্রকল্পটি স্থানীয় বন্যা এবং হাডসন নদীতে সম্মিলিত সিউয়ারের উপচে পড়া হ্রাস করতে সাহায্য করবে।
- **নিউ ইয়র্ক সিটির পরিবেশগত সুরক্ষা বিভাগ (New York City Department of Environmental Protection)** 3 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে জ্যামাইকা কুইন্সের একাধিক সড়ককে সবুজ সড়কে রূপান্তরিত করার জন্য। শহরটি মিডিয়ানগুলিকে রেট্রোফিট করবে বায়োরিটেনশন এবং সড়কে ঝড়ের পানির গাছ দিয়ে যাতে করে স্থানীয় বন্যা এবং সম্মিলিত সিউয়ারের উপচে পড়া হ্রাস করতে সাহায্য করা যায়।

EPG 70টি পরিচ্ছন্ন পানি অবকাঠামো প্রকল্পের পরিকল্পনা শুরু করে দেওয়ার প্রকৌশল ব্যয়ে সাহায্য করার জন্য 3 মিলিয়ন মার্কিন ডলার তহবিল প্রদান করবে। EPG-র অর্ধেকের বেশি তহবিল পরিবেশগত ন্যায়বিচার সম্প্রদায়সমূহে প্রদান করা হয়েছে। পরিকল্পনার অনুদানগুলি সম্প্রদায়গুলিকে ফেডারেল দ্বিপক্ষীয় অবকাঠামো আইনের তহবিলের জন্য আবেদন করার প্রস্তুতিতে সাহায্য করতে একটি সুবিধাজনক সময়ে প্রদান করা হচ্ছে, যার বেশির ভাগ EFC পরিচালিত স্টেটের আবর্তিত তহবিল কর্মসূচিসমূহের মাধ্যমে প্রবাহিত হবে। পরিকল্পনা অনুদানগুলি একটি প্রকৌশল প্রতিবেদন তৈরির অর্থায়নে সাহায্য করবে, যা EFC-র অর্থায়ন আবেদন প্রক্রিয়ার জন্য আবশ্যক। EPG গুলি মিউনিসিপ্যালিটিগুলিকে আর্থিকভাবে সংহত এবং ভালোভাবে নকশা করা প্রকল্পসমূহকে নির্মাণ পর্যায়ে অগ্রসর করতে সাহায্য করবে।

অর্থপ্রাপ্ত প্রকল্পের উদাহরণে রয়েছে:

- **ইরি কাউন্টির ডিপিউ গ্রাম (ওয়েস্টার্ন নিউ ইয়র্ক)** 100,000 মার্কিন ডলার পেয়েছে অন্ত:প্রবাহ ও ইনফিলট্রেশন প্রশমন এবং সিউয়ারশেড নম্বর 6-র স্যানিটারি সিউয়ার উপচে পড়া নিয়ে বিকল্পসমূহ খতিয়ে দেখার জন্য।
- **লিভিংস্টোন কাউন্টি পানি ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (Livingston County Water & Sewer Authority) (ফিঙ্গার লেকস)** 100,000 মার্কিন ডলার পেয়েছে কনেসাস লেক এলাকার অন্ত:প্রবাহ ও ইনফিলট্রেশন প্রশমন করে পানি সংগ্রহ ব্যবস্থার এমন উন্নয়ন পরিকল্পনা করার জন্য।
- **ওনন্ডাগা সম্প্রদায়ের স্যালিনা টাউন (সেন্ট্রাল নিউ ইয়র্ক)** মোট 60,000 মার্কিন ডলারের দুইটি অনুদান পেয়েছে ম্যাটিডেল ও লিনকোর্ট স্যানিটারি পয়ঃনিষ্কাশনের অন্ত:প্রবাহ ও ইনফিলট্রেশন খতিয়ে দেখার জন্য।

তহবিলে মিউনিসিপ্যাল অ্যাক্সেস
বিশেষ কিছু শর্ত পূরণ হওয়ার পর অনুদানের তহবিল অনুদানপ্রাপ্তদের মধ্যে বিতরণ করা হতে পারে, যেমন অনুদানের চুক্তি সম্পাদন এবং DEC-র পরিচালনা পর্ষদের অনুমোদন।

পানির মানের প্রতি নিউ ইয়র্কের প্রতিশ্রুতি
নিউ ইয়র্ক পরিশ্রুত জলের পরিকাঠামোতে বিনিয়োগ বাড়ানো অব্যাহত রেখেছে। গভর্নর হোকলের নেতৃত্বাধীন, 2022-23 প্রণীত বাজেট অতিরিক্ত 1.2 বিলিয়ন মার্কিন ডলারের অনুমোদন দেয়, যা ল্যান্ডমার্ক পরিষ্কার পানি, পরিষ্কার বায়ু এবং সবুজ কর্মসংস্থানের পরিবেশগত বন্ড অ্যাক্টের (Clean Water, Clean Air, and Green Jobs Environmental Bond Act) মোট বিনিয়োগ 4.2 বিলিয়ন মার্কিন ডলার করে। এই ঐতিহাসিক উদ্যোগ, চলমান সাধারণ নির্বাচনে ভোটারদের যে বিষয়গুলি বিশেষভাবে বিবেচনা করতে হবে তার মধ্যে রয়েছে পুরনো হয়ে যাওয়া জলের পরিকাঠামো আপডেট করতে এবং জলের গুণগত মান রক্ষা করার জন্য অর্থায়ন; বায়ু দূষণ হ্রাস এবং কম জলবায়ু-পরিবর্তনকারী নির্গমন; জীবজন্তু বা গাছপালার স্বাভাবিক আবাস অথবা জন্মস্থান পুনরুদ্ধার; তীব্র ঝড় ও বন্যা সহ্য করার জন্য কমিউনিটির ক্ষমতা জোরদার করা; বাইরের জায়গাগুলি এবং স্থানীয় খামার সংরক্ষণ; এবং অনগ্রসর কমিউনিটিগুলিতে সম্পদের 40 শতাংশের লক্ষ্য সহ কমপক্ষে 35 শতাংশ বিনিয়োগ করে সাম্য নিশ্চিত করা।

পাশাপাশি, বাজেটে পরিষ্কার পানির অবকাঠামোর অর্থায়নের জন্য আরো 500 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত রয়েছে, যা 2017 সাল থেকে স্টেটের মোট পরিষ্কার পানির বিনিয়োগ করে 4.5 বিলিয়ন মার্কিন ডলার। এছাড়াও এতে জলবায়ু পরিবর্তন প্রশমন ও অভিযোজন প্রচেষ্টাসমূহের ক্ষেত্রে সহায়তা করা, টেকসই কৃষির প্রসারের জন্য কৃষি সংস্থানগুলোর উন্নতি করা, আমাদের পানির উৎসগুলো সুরক্ষিত রাখা, সংরক্ষণের প্রচেষ্টা এগিয়ে নেয়া, এবং নিউ ইয়র্কবাসীদের জন্য চিত্তবিনোদনের সুযোগ-সুবিধা প্রদান করার জন্য পরিবেশ সুরক্ষা তহবিলে (Environmental Protection Fund) রেকর্ড পরিমাণ 400 মিলিয়ন ডলার প্রদান করা হচ্ছে।

মাউন্ট ভার্ননে পরিবেশগত ন্যায়বিচারের অগ্রগতি
গভর্নর হোকলের নেতৃত্বের অধীনে কয়েক দশক ধরে এই সিটিকে ক্ষতিগ্রস্ত করতে থাকা দীর্ঘমেয়াদী পানি-সম্পদ অবকাঠামো এবং সংশ্লিষ্ট জনস্বাস্থ্য বিষয়ক চ্যালেঞ্জগুলো মোকাবেলার

জন্য স্টেট মাউন্ট ভার্ননের মেয়র শেইন প্যাটারসন-হাওয়ার্ড এবং ওয়েস্টচেস্টার কাউন্টির এক্সিকিউটিভ জর্জ ল্যাটিমারের সঙ্গে 150 মিলিয়ন ডলারের ঐতিহাসিক বিনিয়োগ ও অংশীদারিত্বের জন্য অঙ্গীকারাবদ্ধ হয়েছে। এই অংশীদারিত্বের অধীনে মাউন্ট ভার্নন সিটি কাউন্সিল সম্প্রতি 6 মিলিয়ন ডলারের স্টেটের-অর্থায়নে পরিচালিত কন্ট্রাক্ট অনুমোদন দিয়েছে, যা অগ্রাধিকার ভিত্তিতে পয়ঃনিষ্কাশন ব্যবস্থার মেরামত এবং ভবিষ্যতের বর্জপানি সংক্রান্ত প্রকল্পগুলোর জন্য দীর্ঘমেয়াদী পরিকল্পনা শুরু করার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। সিটির পয়ঃনিষ্কাশন ও পানি-সম্পদ অবকাঠামো সংকটের দ্বারা ক্ষতিগ্রস্ত হওয়া মাউন্ট ভার্ননের অধিবাসীদের সহায়তা করার জন্য জুলাই মাসে ঘোষণা করা গভর্নরের অফিস অব স্টর্ম রিকভারির (Office of Storm Recovery) হেলদি হোমস পাইলট কর্মসূচির মাধ্যমে বাড়তি 3 মিলিয়ন ডলার তহবিল প্রদান করা হয়েছে। আগ্রহী অধিবাসীরা আরো তথ্য জানতে https://stormrecovery.ny.gov/mountvernon ওয়েবসাইট দেখতে পারেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418